# সন্দ্বীপের আঞ্চলিক ভাষা : ধ্বনিতত্ত্ব ও রূপ-ধ্বনিতত্ত্ব

**রাজীব হুমায়ুন**

## ১.০. ভূমিকা

বঙ্গোপসাগরের অন্তর্গত সন্দ্বীপের আঞ্চলিকভাষা—'সন্দ্বীপী' নামে পরিচিত। বাঙলা ভাষার পূর্বাঞ্চলীয় প্রকারভেদের মধ্যে সন্দ্বীপীর স্থান দক্ষিণ-পূর্বাঞ্চলীয় উপশ্রেণীতে। গ্রীয়ারসন তাঁর 'লিঙ্গুইষ্টিক সার্ভে অব ইণ্ডিয়া (৫ম খণ্ড)' গ্রন্থে সন্দ্বীপীকে পূর্ব-বঙ্গের ঢাকা-অঞ্চলের উপভাষার সারিতে স্থান দিয়েছেন। স্থান-নির্ধারণ সঠিক হয়নি (গোপাল হালদার 'নোয়াখালী ডায়ালেক্ট', 'জার্ণাল অব দি ডিপার্টমেণ্ট অব লেটারস,' ১৯তম খণ্ড, ১৯২৯)।

সন্দ্বীপে 'সাঁইডগেরামী' (আক্ষরিক অর্থে চট্টগ্রামের উপভাষা') নামে আরো একটি উপভাষা আছে। উপভাষাটির ব্যবহার কিছু পরিবারের মধ্যে সীমাবদ্ধ। লৌকিক পরিবেশে শুধু সন্দ্বীপী ব্যবহৃত হয়। 'সাঁউড গেরামী' উপভাষা এখানে বর্ণিত হয়নি। এ রচনায় মূলতঃ বর্ণনামূলক পদ্ধতিতে সন্দ্বীপীর ধ্বনিতত্ত্ব ও রূপ-ধ্বনিতত্ত্ব বর্ণিত হয়েছে।

**রচনায় ব্যবহৃত সংকেত প্রতীক ও সংক্ষেপক**

| | |
|---|---|
| অ | মধ্য পশচাৎ-গোলাকৃতি স্বরধ্বনি |
| স্ব | স্বরধ্বনি |
| স্বঁ | অনুনাসিক স্বরধ্বনি, যেমন 'আঁ' |
| স্ব\` | অবরোহী স্বনবিশিষ্ট স্বরধ্বনি, যেমন 'অ\`' |
| স্ব́ | আরোহী স্বন বিশিষ্ট স্বরধ্বনি, যেমন 'অ́' |
| স্ব̱ | অনাক্ষরিক স্বরধ্বনি, যেমন 'অ̱' |
| উ̈ | নিম্ন-উচচ কেন্দ্রীয় অগোলাকৃতি স্বরধ্বনি |
| এ্যা | নিম্ন-মধ্য সম্মুখ-অগোলাকৃতি স্বরধ্বনি |
| ব্য | ব্যঞ্জনধ্বনি |
| ব্য' | বদ্ধ-স্পৃষ্টধ্বনি, যেমন 'প' |
| স | দন্তমূলীয় শিস্ ('আস্তে' উচচারণ অথবা 'ইসলাম'-এর 'স'-এর মত উচ্চারণ |
| ব্য | দন্ত্যধ্বনি, যেমন 'ত' |
| ব̑ | উভৌষ্ঠ শিস্ধ্বনি |
| র | কম্পনজাত ধ্বনি |
| ল | দন্তমূলীয়-মূর্ধন্য পার্শ্বিক ধ্বনি |
| ≠ | বাক্যের বা অন্যকোন উপাদানের সীমা নির্দেশক চিহ্ন |
| ϕ | শূন্যবিভক্তি |
| ∧ | অবরোহী স্বনের সঙ্গীতময় সহধ্বনি |
| // | ধ্বনিমূল চিহ্ন |
| [ ] | সহধ্বনিমূলচিহ্ন |

/ পরিবেশে

→ পরিণত হয়, যেমন /প/ → [ প' ] / স্ব—{/ব্য /, /#/} যেখানে ব্য স্পৃষ্টধ্বনি

অর্থাৎ স্বরধ্বনির পরে অবস্থিত 'প'-এর পর যদি কোন স্পৃষ্ট ব্যঞ্জন থাকে অথবা স্বরধ্বনির পরের 'প' যদি অন্তঅবস্থানে থাকে এই পরিবেশে / প /, [ প' ]তে পরিণত হয়। উদাহরণ [কপ' পা] , ] বাপ' ]।

## ধ্বনিতত্ত্ব

### ১.১. ধ্বনিমূল তালিকা : সন্দ্বীপীর ধ্বনিমূল

ব্যঞ্জনধ্বনিমূলসমূহ

| | ওষ্ঠ্য | দন্ত্য | দন্তমূলীয় | পশ্চাৎ-দন্তমূলীয় | দন্তমূলীয় মূর্ধন্য | জিহ্বা-মূলীয় | আন্তঃস্বরযন্ত্রীয় |
|---|---|---|---|---|---|---|---|
| স্পৃষ্টধ্বনি অঘোষ-অল্পপ্রাণ | প | ত | | | ট | ক | |
| অঘোষ-মহাপ্রাণ | | থ | | | ঠ | খ | |
| ঘোষ অল্পপ্রাণ | ব | দ | | | ড | গ | |
| নাসিক্যধ্বনি | ম | | ন | | | ঙ | |
| শিসধ্বনি | | | | | | | |
| অঘোষ | | | স | শ | | | |
| ঘোষ | | | য | | | | হ |
| তাড়নজাত | | | র | | | | |
| পার্শ্বিক | | | ল | | | | |

স্বরধ্বনিমূল

| | সম্মুখ অগোলাকৃতি | কেন্দ্রীয়- অগোলাকৃতি | পশ্চাৎ- গোলাকৃতি |
|---|---|---|---|
| উচ্চ | ই | | উ |
| উচ্চ-মধ্য | এ | | ও |
| মধ্য | | | অ̇ |
| নিম্ন-মধ্য | এ্যা | | অ |
| নিম্ন | | আ | |

অনুনাসিক ধ্বনিমূল : /ঁ/

স্বন (tone) :

অবরোহী /ˋ/

আরোহী /ˊ/

স্বরভঙ্গী-বৈশিষ্ট্যসমূহ

স্বরগ্রাম স্তর : /১/ নিম্নতর, /২/ নিম্ন, /৩/ মধ্য, /৪/ উচ্চ

যতি ধ্বনিমূল :

/+/ শব্দযতি

/,/ বাক্যাংশযতি

/#/ বাক্যযতি

সন্দ্বীপীর ধ্বনিমূল তালিকার সাথে প্রমিত ( standard ) কথ্যবাঙলার ধ্বনিমূল তালিকা মিলিয়ে দেখলে কিছু গুরুত্বপূর্ণ পার্থক্য চোখে পড়বে। উল্লেখযোগ্য, তালব্য-ধ্বনিমূলের অনুপস্থিতি—যদিও কোন ভাষার ধ্বনি, রূপ অথবা অন্যকোন বৈশিষ্ট্যের অনুপস্থিতির আলোচনা বর্ণনামূলক ভাষাবিজ্ঞান করে না। কেননা, একটি ভাষায় অনেক কিছুই না থাকতে পারে। এ' তালিকায় সবচাইতে উল্লেখযোগ্য হল, স্বনের উপস্থিতি। ঐতিহাসিক ভাষাবিজ্ঞানের দৃষ্টিকোণ থেকে বলা যায় সন্দ্বীপীতে ( হয়তোবা আরো কিছু আঞ্চলিক বাঙলায়) স্বন এসেছে মূলতঃ ক্ষতিপূরণ হিসেবে। ধরা যাক, কথ্যবাঙলা থেকে

সন্দ্বীপী 'শহর' শব্দটি ধার করল। সন্দ্বীপীতে শব্দের মধ্য অবস্থানে 'হ' ব্যবহারের প্রবণতা কম। ফলে 'শহর' শব্দটি 'শর' হিসেবে ব্যবহৃত হবার কথা। কিন্তু 'হ'র ক্ষতিপূরণ হিসেবে 'শ'-এর 'অ'র সাথে আরোহী-স্বন যুক্ত হবে। ফলে উচ্চারণ দাঁড়াবে /শ́র/ ( ʃɔ́r) অর্থাৎ 'অ' কে সামান্য উপরের দিকে টেনে পরে নীচের দিকে অতি সামান্য বাঁকিয়ে উচ্চারণ করা হবে। কিন্তু এও সত্য, 'স্বনিতভাষা'-সমূহের অধিকাংশ বৈশিষ্ট্য সন্দ্বীপীতে পাওয়া যাবে না (১. ৫. দেখুন)।

## ১.২. ধ্বনিমূল বৈপরীত্যের পরিচয়

ধ্বনিমূলসমূহের মাঝে বৈপরীত্য নির্দেশের জন্য নীচে বিভিন্ন শব্দ নেয়া হল। ন্যূনতম বিপরীতার্থক শব্দজোড় অথবা প্রায়-শব্দজোড়ের সাহায্যে ধ্বনিমূলসমূহে বৈপরীত্য দেখানো হয়েছে। উদাহরণসমূহে প্রায় প্রতিটি ধ্বনিমূলের যথাসম্ভব আদি, মধ্য ও অন্ত অবস্থানে অস্তিত্ব সন্ধান করা হয়েছে। তাছাড়া, একইস্থান ও একই উচ্চারণ-রীতির ধ্বনিসমূহ ছাড়াও ন্যূনতম বিপরীতার্থক শব্দজোড়ের মাধ্যমে ভিন্নস্থান ও ভিন্ন উচ্চারণরীতির ধ্বনিসমূহেও যথাসম্ভব বৈপরীত্য সন্ধান করা হয়েছে।

### ১.২.১. ব্যঞ্জনধ্বনিমূল :

ব্যঞ্জনধ্বনিমূলগুলোকে নিম্নোক্ত শিরোণামায় শ্রেণীবদ্ধ ক'রে বৈপরীত্য দেখানো হয়েছে :

১. অল্পপ্রাণ বনাম মহাপ্রাণ
২. অঘোষ বনাম ঘোষ
৩. উচ্চারণ স্থান
৪. উচ্চারণ রীতি

#### ১.২.১.১. অল্পপ্রাণ বনাম মহাপ্রাণ

| | | |
|---|---|---|
| | /ত/ | /থ/ |
| ১. | /তাল/ | /থাল/<br>'থালা' |
| ২. | /ট/<br>/টনা/<br>'কঞ্চি' | /ঠ/<br>/ঠনা/<br>'মাছ ধরার ফাঁদ বিশেষ' |
| ৩. | /ক/<br>/কালা/<br>'কাল' | /খ/<br>/খালা/ |

### ১.২.১.২. অঘোষ বনাম ঘোষ

#### ১.২.১.২.১. স্পৃষ্টধ্বনিসমূহের মাঝে বৈপরীত্য

১. /প/ — /ব/
/সাপা/ 'চাপা পড়া' — /সাবা/ 'চিবাও'
/লাপ/ 'লাফ' — /লাব/ 'লাভ'

২. /ত/ — /দ/
/তশ/ 'আর্দ্রতা' — /দশ/
/ল্যাতা/ 'কচি' — /ল্যাদা/ 'পোকা বিশেষ'

৩. /থ/ — /দ/
/থুক/ 'থুথু' — /দুক/ 'দুখ'

৪. /টাইল্লা/ 'মাছ বিশেষ' — /ডাইল্লা/ 'গুড়-ভাণ্ড'

৫. /ঠ/ — /ড/
/ঠাইল/ 'শাখা' — /ডাইল/ 'ডাল'

৬. /ক/ — /গ/
/কাইল/ 'কালকে' — /গাইল/ 'গালি'
/মুক/ 'মুখ' — /মুগ/

৭. /খ/ — /গ/
/খলা/ 'ছোটমাঠ' — /গলা/

#### ১.২.১.২.২. শিস্‌ধ্বনির মাঝে বৈপরীত্য

১. /স/ — /য/
/সাল/ 'চালা' — /যাল/ 'জাল'
/ইসা/ 'চিংড়ি' — /ইযা/ 'এটি'
/লাস/ 'লাশ' — /লায/ 'লাজ'

### ১.২.১.৩. উচ্চারণ স্থান

১. /প/ — /ত/
/মাপি/ — /মাতি/ 'কথাবলি'
/বাপ/ — /বাত/

২. /ত/ — /ট/
/তাল/ — /টাল 'স্তূপ'
/লাউততা/ 'শিশু' — /লাউটটা/ 'রোগা'
/হোঁত/ 'স্রোত' — /হোঁট/ 'টিকা'

| | | |
|---|---|---|
| ৩. | /ব/ | /দ/ |
| | /বিশ/ | /দিশ/ |
| | /হাবা/ | /হাদা/ |
| | 'বাতাস' | 'এলা পাতা' |
| ৪. | /দ/ | /ড/ |
| | /দর/ | /ডর/ |
| | /আদা/ | /আডা/ |
| | | 'আটা' |
| | /ল্যাদা/ | /ল্যাডা/ |
| | | 'শুইয়ে দাও' |
| ৫. | /ট/ | /ক/ |
| | /টাল/ | /কাল/ |
| | | 'ঋতুঅর্থে' |
| | /বাঁট/ | /বাঁক/ |
| | | 'মোরগের ডাক' |
| ৬. | /ড/ | /গ/ |
| | /ডোল/ | /গোল/ |
| | 'বাঁশেরপাত্র' | |
| | /আডা/ | /আগা/ |
| | 'আটা' | |
| ৭. | /থ/ | /ঠ/ |
| | /থার্ত্ত র/ | /ঠার্ত্ত র/ |
| | 'থাপড়' | 'ঠাহর' |
| ৮. | /ঠ/ | /খ/ |
| | /ঠোঁট/ | /খোঁট/ |
| | | 'মাছের খেলা' |
| | /ঠনা/ | /খনা/ |
| | 'মাছধরার ফাঁদ' | 'নাম বিশেষ' |
| ৯. | /ত/ | /ঠ/ |
| | /ত্যাল/ | /ঠ্যাল/ |
| | 'তেল' | |
| ১০. | /ট/ | /খ/ |
| | /টাল/ | /খাল/ |

| | | |
|---|---|---|
| ১১. | /ত/ | /ড/ |
| | /তোর/ | /ডোর/ |
| | | 'সাপের বিষ নামানোর পদ্ধতিবিশেষ' |
| | /ল্যাতা/ | /ল্যাডা/ |
| | 'কচি' | 'শুইয়ে দে' |
| | /কাঁত/ [ká t] | /কাঁড/ [ká d] |
| | 'অভাব' | 'পোষ্টকার্ড' |
| ১২. | /ঠ/ | /ক/ |
| | /ঠ্যালা/ | /ক্যালা/ |
| | | 'কলা' |
| ১৩ | /স/ | /শ/ |
| | /সিক্কা/ | /শিক্কা/ |
| | 'চিংড়ি' | 'শিক্ষা' |
| | /সাসা/ | /শাশা/ |
| | 'চাচা' | 'চাষা' |
| | /দিস/ | /দিশ/ |
| | 'দিয়ে দেবে' | |
| ১৪. | /স/ | /হ/ |
| | /সান/ | /হান/ |
| | 'চাঁদ' | 'পান' |
| | /সোঁক/ | /হোঁক/ |
| | 'চুম্বন' | 'পোকা' |
| ১৫. | /শ/ | /হ/ |
| | /শাশ/ | /হাশ/ |
| | 'চাষ' | 'পাশ' |
| | /শ্যর/ [sɔ́ r] | /হ্যর/ [ʃɔ́ r] |
| | 'শহর' | 'আলো' |
| ১৬. | /ম/ | /ন/ |
| | /মল/ | /নল/ |
| | /মামি/ | /মানি/ |
| | 'মামী' | |
| | /সাম/ | /সান/ |
| | 'চামড়া' | 'চাঁদ' |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১৭. | /ম/ | /ঙ/ | ১৮. | /ন/ | /ঙ/ |
| | /দমকা/ | /সঙকা/ | | /অনৈকা/ | /সঙকা/ |
| | 'বিরক্তি-সূচকশব্দ' | 'মই' | | 'এক্ষণ' | মই |
| | /ব্যাম/ | /ব্যাঙ/ | | /লন/ | /লঙ/ |
| | 'ব্যায়াম' | | | 'নিন' | |

১.২.১.৪. উচ্চারণ রীতি

১.২.১.৪.১. মৌখিক বনাম মৌখিক

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১. | /ত/ | /স/ | ৫. | /ক/ | /হ/ |
| | /তাল/ | /সাল/ | | /কালা/ | /হালা/ |
| | | 'চালা' | | 'কাল' | 'খুঁটি' |
| | /স্যাঁতা/ | /সঁ্যাসা/ | | | |
| | 'ময়লা' | 'মার' | ৬. | /খ/ | /হ/ |
| | /ব্যাত/ | /ব্যাস/ | | /খালা/ | /হালা/ |
| | 'বেত' | 'বিক্রি কর' | | | |
| ২. | /থ/ | /স/ | ৭. | /দ/ | /য/ |
| | /থাল/ | /সাল/ | | /দিন/ | /যিন/ |
| | | | | | জ্বিন |
| ৩. | /ট/ | /শ/ | | /গুদা/ | /গুজা/ |
| | /টিক্কা/ | /শিককা/ | | ময়লা | 'কুঁজো' |
| | 'তামাকের উপাদান' | 'শিক্ষা' | | /র্হদ/ | /র্হজ/ |
| | | | | 'স্বাদ' | 'হজ্জ্ব' |
| | /হটটি/ | /হশ্‌শি/ | | | |
| | 'পটী' | 'পড়শী' | ৮. | /ল/ | /র/ |
| | /কাট/ | /কাশ/ | | /লাট/ | /রাট/ |
| | | 'কাশি' | | | 'দুর্ভিক্ষ' |
| | | | | /হাঁলা/ | /হাঁরা/ |
| ৪. | /ঠ/ | /শ/ | | 'শালা' | 'জমি চাষ করা' |
| | /ঠাশ/ | /শাশ/ | | /আল/ | /আর/ |
| | 'চড় মারার শব্দ' | 'চাষ' | | 'সাপের কামড়' | 'এবং' |

### ১.২.১.৪.২. মৌখিক বনাম নাসিক্য

| | | |
|---|---|---|
| ১. | /ব/ | /ম/ |
| | /বল/ | /মল/ |
| | /দাবি/ | /দামি/ |
| | /লাব/ | /লাম/ |
| | | 'জামার দৈর্ঘ্য' |
| ২. | /দ/ | /ন/ |
| | /দানা/ | /নানা/ |
| | /দাদা / | /দানা/ |
| | | 'বীজ' |
| ৩. | /গ/ | /ঙ / |
| | /ব্যাগ/ | /ব্যাঙ/ |
| ৪. | /য/ | /ন/ |
| | /যা/ | /না/ |
| | /কথা/ | /কনা/ |
| | 'ক্বাজা নামাজ' | 'কণা' |
| | /বায/ | /বান/ |
| | 'বাজপাখী' | |
| ৫. | /ন/ | /ল/ |
| | /নাই/ | /লাই/ |
| | | 'বাঁশের পাত্র' |
| | /আনি/ | /আলি/ |
| | /আন/ | /আল/ |
| ৬. | /ন/ | /র/ |
| | /নানি/ | /রাণি/ |
| | | 'রাণী' |
| | /কানি/ | /কারি/ |
| | | 'ক্বারী' |
| | /আন/ | /আর / |

### ১.২.২. স্বরধ্বনিমূল

স্বরধ্বনিমূলসমূহের বৈপরীত্য দু'টি শিরোণামায় দেখানো হয়েছে, যেমন :

১. স্বরধ্বনি উচ্চতায় বৈপরীত্য এবং
২. জিহ্বা এবং ঠোঁটের অবস্থানে বৈপরীত্য।

### ১.২.২.১. স্বরধ্বনি উচ্চতায় বৈপরীত্য :

| | | |
|---|---|---|
| ১. | /ই/ | /এ/ |
| | /দি/ | /দে/ |
| ২. | /এ/ | /এ্যা/ |
| | /দে/ | /দ্যা/ |
| | | 'দেয়' |
| ৩. | /এ্যা/ | /আ/ |
| | /এ্যার/ | /আর/ |
| | 'রাখ' | |
| | /ল্যায/ | /লায/ |
| | 'লেজ' | 'লাজ' |
| | /দ্যা/ | /দা/ |
| ৪. | /অ/ | /আ/ |
| | /অল/ | /আল / |
| | 'এখন' | 'সাপের কামড়' |
| | /তল/ | /তাল/ |
| | /দ/ [dɔ] | /দা/ |
| | 'দাও' | |

| | | |
|---|---|---|
| ৫. | /অ/ | /অ̇/ |
| | /ব/ [bɔ] | /ব̇/ [bɔ̇] |
| | 'একটি বর্ণ' | |
| ৬. | /অ/ | /ও/ |
| | /অল/ | /ওল/ |
| | 'এখন' | |
| | /ডর/ | /ডোর/ |
| | /য/ | /যো/ |
| | | 'সময়' |

| | | |
|---|---|---|
| ৭. | /অ̇/ | /ও/ |
| | /ম/ [mɔ̇] | /মোর/ |
| | | 'মোড়' |
| ৮. | /ও/ | /উ/ |
| | /ওলান/ | /উলানি/ |
| | 'বাঁট' | 'পোকা বিশেষ' |
| | গোল | /গুল/ |
| | | 'গুইসাপ' |
| | /আলো/ | /আলু/ |
| | 'নাম বিশেষ' | |

১.২.২.২. জিহ্বা এবং ঠোঁটের অবস্থানের বৈপরীত্য :

| | | |
|---|---|---|
| ১. | /ই/ | /উ/ |
| | /ইদ/ ঈদ | /উদার/ |
| | /আলি/ | /আলু/ |
| ২. | /এ/ | /ও/ |
| | /যে/ | /যো/ |
| ৩. | /এ্যা/ | /অ̇/ |
| | /ব্যা-/ | /ব̇/ |
| | 'উপসর্গ বিশেষ' | 'বৌ' |
| ৪. | /এ্যা/ | /অ/ |
| | /ত্যাল/ | /তল/ |
| | /য্যা̄/ | /য/ |
| | 'জিহ্বা' | 'যাও' |
| ৫. | /এ্যা/ | /আ/ |
| | /এ্যার/ | /আর/ |
| | 'রাখ' | |
| | /ল্যায/ | /লায/ |
| | /দ্যা/ | /দা/ |
| ৬. | /আ/ | /অ/ |
| | /আল/ | /অল/ 'এখন' |
| | /মাল/ | /মল/ |
| | /দা/ | /দ/ [dɔ] |
| | | 'দাও' |

১.২.৩. অনুনাসিক ধ্বনিমূল

অনুনাসিকতার উপস্থিতি বনাম অনুপস্থিতি দ্বারা বৈপরীত্য দেখানো হল।

| | | |
|---|---|---|
| ১. | /ই/ | /ইঁ/ |
| | /হির/ | /হিঁর/ |
| | 'পীর' | 'নারকেল গুচ্ছ' |
| ২. | /এ্যা/ | /এ্যাঁ/ |
| | /ব্যা-/ | /ব্যাঁ/ |
| | 'উপসর্গ বিশেষ' | /বাঁকা/ |
| ৩. | /আ/ | /আঁ/ |
| | /বাশ/ | /বাঁশ/ |
| | 'দুর্গন্ধ' | |
| ৪. | /অ/ | /অঁ/ |
| | /গ/ | /গঁ/ |
| | 'বাঙলা বর্ণ' | 'ভান' |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৫. | /ও/ | /ওঁ/ | ৬. | /উ/ | /উঁ/ |
| | /ওর/ | /ওঁর/ | | /কুড়ি/ | /কুঁড়ি/ |
| | 'সীমা' | 'জবা' | | 'তরকারী-কুটছি' | 'লাঙ্গলের অংশ বিশেষ' |
| | /টোআ/ | /টোঁআ/ | | | |
| | 'খুঁজে দেখ' | 'টোকা' | | | |

/এ/ বনাম /এঁ/ এবং /অ̣/ বনাম /অ̣ঁ/'র মাঝে বৈপরীত্য খুঁজে পাওয়া না গেলেও গঠন সমতার ভিত্তিতে অনুনাসিকতাকে ধ্বনিমূল হিসেবে ধরা হয়েছে।

## ১.২.৪. স্বন :

নিম্নোক্ত শিরোণামায় স্বনসমূহের মাঝে বৈপরীত্য দেখানো হয়েছে :

১. অবরোহী বনাম আরোহী
২. অনুপস্থিতি বনাম অবরোহী এবং
৩. অনুপস্থিতি বনাম আরোহী স্বন

### ১.২.৪.১. অবরোহী বনাম আরোহী :

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১. | /ই̀/ | /ই́/ | ৫. | /অ̀/ | /অ́/ |
| | /হি̀র/ | /হি́র/ | | /হ̀র/ | /হ́র |
| | 'ফিরে আয়' | 'ফুফুর' | | 'কাদা' | 'আলো' |
| ২. | /এ̀/ | /এ́/ | ৬. | /অ̣̀/ | /অ̣́/ |
| | /বে̀ল/ | /বে́ল/ | | /দ̀ইন্না/ [d̀ɔinna] | /দ́ইন্না/ [dɔ́inna] |
| | 'ফল বিশেষ' | 'ঘণ্টা' | | 'ধনেপাতা' | 'দক্ষিণ দিকের' |
| ৩. | /এ্̀যা/ | /এ্́যা/ | ৭. | /ও̀/ | /ও́/ |
| | /হ্̀যালা/ | /হ্́যালা/ | | /হো̀নরা/ | /হো́ন/ |
| | 'হেলা' | 'পেয়ালা' | | 'মাছ বিশেষ' | 'স্বচ্ছ' |
| ৪. | /আ̀/ | /আ́/ | ৮. | /উ̀/ | /উ́/ |
| | /হা̀ত/ | /হা́ত/ | | /দু̀র/ | /দু́র/ |
| | 'সাত' | 'চুলায়' | | 'কোণাকুণি মেঠোপথ' | 'দুপুর' |

### ১.২.৪.২. অনুপস্থিতি বনাম অবরোহী :

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১. | /ই/ | /ই̀/ | ২. | /এ/ | /এ̀/ |
| | /ইমান/ | /ই̀ম/ | | /বে/ | /বে̀ল/ |
| | 'ঈমান' | 'ঠাণ্ডা' | | 'আরবী বর্ণ' | 'ফল বিশেষ' |

| | | |
|---|---|---|
| ৩. | /এ্যা/ | /`এ্যা/ |
| | /ক্যালা/ | /হ্যালো/ |
| | 'কলা' | 'হেলা' |
| ৪. | /আ/ | /`আ/ |
| | /হাত/ | /হাঁত/ |
| | 'বৃষ্টিপাত' | 'সাত' |
| ৫. | /অ/ | /`অ/ |
| | /হর/ | /হঁর/ |
| | 'পর' | 'কাদা' |
| ৬. | /অ̇/ | /অ̇ / |
| | /বঁ/ | /বঁইর/ |
| | 'বৌ' | 'পা' |
| ৭. | /ও/ | /`ও/ |
| | /কোর/ | /কোঁর/ |
| | 'মাঠের কিনারা' | 'খনন কর' |
| ৮. | /উ/ | /`উ/ |
| | /হুআ/ | /`হুআদ/ |
| | 'পিঠা বিশেষ' | 'নাম বিশেষ' |

১.২.৪.৩. অনুপস্থিতি বনাম আরোহী :

| | | |
|---|---|---|
| ১. | /ই/ | /ই´/ |
| | /হির/ | /হিঁর/ |
| | 'পীর' | 'ফুফুর' |
| ২. | /এ/ | /এ´/ |
| | /বে/ | /বেঁল/ |
| | | 'ঘণ্টা' |
| ৩. | /এ্যা/ | /এ´্যা/ |
| | /ক্যালা/ | /হ্যাঁলা/ |
| | /'কলা'/ | /'পেয়ালা'/ |
| ৪. | /আ/ | আ´। |
| | /হাত/ | /হাঁত/ |
| | বৃষ্টিপাত | চুলায় |
| ৫. | /অ/ | /অ/ |
| | /হর/ | /হঁর/ |
| | 'পর' | 'আলো' |
| ৬. | /অ̇/ | /অ̇´/ |
| | /বঁ/ | /বঁই´/ |
| | 'বৌ' | 'বই' |
| ৭. | /ও/ | /ও´/ |
| | /হোন/ | /হোঁন/ |
| | 'পাছা' | 'স্বচ্ছ |
| ৮. | /উ/ | /উ´/ |
| | /রুআ/ | /রু´/ [rú] |
| | 'রূপা' | 'রূহ্' |

### ১.২.৫. স্বরভঙ্গী-বৈশিষ্ট্যসমূহ

১.২.৫.১. স্বরভঙ্গী :

১. /১/—/২/—/৩/
/১অঁ´াই ২আম ৩কাটসি`/ 'আমি আম কেটেছি (ঘোষণা)
/৩`অঁাই ১আম ২কাটসি`/ আমিই আম কেটেছি (জোরের সাথে ঘোষণা)

২. /২/ —/৩/—/৪/
/৩তুঁ´ই ২গাস ৪কাট`স 'তুমি গাছ কেটেছ?' (প্রশ্ন)
/২তুঁ´ই ৪গাস ৩কাট`স 'তুমি গাছ কেটেছ'!

১.২.৫.২. **যতিধ্বনিমূল** :

১. /+/ বনাম অনুপস্থিতি
/গাত কম+বল/ 'গায়ে কম শক্তি'
/গাত কম্বল/ 'গায়ে কম্বল'

২. /ˋ/ এবং অনুপস্থিতি
/হেইতে কাম করিˋ, দিসে/ 'সে কাজ করেছে এবং পরে দিয়েছে'।
/হেইতে কাম করিˋ দিসে'/ 'সে কাজ করে দিয়েছে।

৩. /≠/ এবং / ,/
/হেইতে খাইতন ≠ তুঁই খˋ 'সে খাবেনা। তুমি খাও।'
/হেইতে খাইতন, তুঁই খˋ/ 'সে খাবেনা কিন্তু তুমি খাও।

১.৩. **সহধ্বনিমূল**

বিভিন্ন ধ্বনিমূল এবং তাদের সহধ্বনিসমূহ নিম্নে দেয়া হলো :

১.৩.১. **ব্যঞ্জনধ্বনিমূল**

ব্যঞ্জনধ্বনির ধ্বনিগতপ্রকৃতি সম্পর্কে নীচের কথাগুলো সাধারণভাবে বলা যেতে পারে।

১. সংযুক্তধ্বনি ( Cluster ) এবং যুগ্মধ্বনির ( Germinated sound ) ; প্রথম স্পৃষ্টধ্বনি এবং শব্দান্ত ধ্বনি সাধারণতঃ অমুক্ত (unreleased)।

২. অঘোষধ্বনিসমূহ ঘোষধ্বনির চাইতে তুলনামূলকভাবে কিছুটা দৃঢ়। স্পৃষ্টধ্বনি-সমূহ অন্যান্য অবস্থানের চাইতে শব্দের প্রথমে দৃঢ়।

৩. পার্শ্বিক, তাড়নজাত এবং নাসিক্যধ্বনিসমূহ ঘোষ।

নীচে প্রতিটি ব্যঞ্জনের সহধ্বনিসমূহের পরিচয় লিপিবদ্ধ হলো। আলোচ্য ধ্বনিটিরই শুধু বিস্তারিত ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্য দেয়া হবে। প্রসঙ্গতঃ, বদ্ধ-স্পৃষ্ট (stop) এবং মুক্ত-স্পৃষ্ট (plosive) সম্পর্কে দু'একটি কথা এখানে বলা যেতে পারে। স্পৃষ্টধ্বনি যখন অমুক্ত ( unreleased ) তখন সেটি বদ্ধস্পৃষ্ট এবং যখন মুক্ত ( released ) তখন সেটি 'মুক্ত-স্পৃষ্ট'। 'টপপা' শব্দের প্রথম 'প' উচ্চারণে উচ্চারক প্রত্যঙ্গসমূহ থেমে যায় বলে এটি বদ্ধস্পৃষ্ট। দ্বিতীয় 'প' উচ্চারণে উচ্চারক প্রত্যঙ্গ থেমে থাকেনা বলে সেটি মুক্তস্পৃষ্ট।

১.৩.১.১. /প/ **এর দু'টি সহধ্বনি রয়েছে** :

[ প' ] /স্ব— { /ব্য/ , /≠/ } যেখানে ব্য **স্পৃষ্টধ্বনি**
[ প ] /অন্যত্র।
[ প' ] **হল অঘোষ অমুক্ত উভৌষ্ঠ বদ্ধস্পৃষ্ট**
[ প ] **অঘোষ উভৌষ্ঠ মুক্তস্পৃষ্ট**

উদাহরণ :

[কপ'পা] 'পাখী ধরার ফাঁদ'
[বাপ']
[ল্যাপা] 'খাম'

**১.৩.১.২.** /প/-এর মতো /ত/, /ট/, /ক/, /দ/, /ড/ এবং /গ/ এর দুটি ক'রে সহধ্বনি রয়েছে এবং সহধ্বনিগুলির পারিবেশিক সূত্রও /প/ এর মতো, অর্থাৎ

অমুক্ত/ স্ব—{ /ব্য/ , /#/ } যেখানে ব্য স্পৃষ্টধ্বনি
মুক্ত/অন্যত্র।

উদাহরণ :

/ত/
[আত'তা] 'আত্মা'
[হুত'] পুত্র
[তাল]

/ক/
[রক'ত]
[সাক'] 'বড় ঢেলা'
[কান]

/ড/
[কাড'গর] 'গ্রামের নাম'
[র্কাড] 'পোষ্টকার্ড'
[ডাব]

/ট/
[লট'কা] 'টাঙিয়ে রাখ'
[লাট']
[টনা] 'কঞ্চি'

/দ /
[মুদ'দার] 'মুর্দা'
[আদ'] 'অর্ধ'
[দিন]
[আদা]

/গ/
[মাগ'ডা] 'ভিখারী'
[ড্যাগ'] 'ডেকচি'
[গান]

১.৩.১.৩. /স/, /য/ এবং /র/ এরও দুটি ক'রে সহধ্বনি রয়েছে তবে সহধ্বনিগুলির পরিবেশ ভিন্ন, যেমন :

১.৩.১.৩.১. /স/

[স] /—/ত/ যেমন : [হাঁসতা] 'সস্তা'
[স] /অন্যত্র যেমন : /সাল/ 'চালা'
[স] অঘোষ দন্ত্য শিস্ধ্বনি
[স] অঘোষ দন্তমূলীয় শিস্ধ্বনি।

১.৩.১.৩.২. /য/

[য] /—/দ/ যেমন : [বুযদার] 'বুদ্ধিমান'
[য] /অন্যত্র যেমন : [যাল] 'জাল'
[য] ঘোষ দন্ত্য শিস্‌ধ্বনি
[য] ঘোষ দন্তমূলীয় শিস্‌ধ্বনি।

১.৩.১.৩.৩. /র/

[র] /ব্য র ব্য—যেমন : [ক্যোর] 'ছাগল ডাকার ধ্বনি'
[র] /অন্যত্র যেমন : [রাস], [সারা] 'চারা'
[র] ঘোষ দন্তমূলীয় কম্পনজাত ধ্বনি
[র] ঘোষ দন্তমূলীয় তাড়নজাত ধ্বনি

**১.৩.১.৪. /ব/, /ন/ এবং /ল/ এর তিনটি ক'রে সহধ্বনি রয়েছে।**

১.৩.১.৪.১. /ব/

[ব] /স্ব—স্ব যেমন আবায 'শব্দ'
[ব৷] /স্ব— { /ব্য/ , /#/ } যেখানে ব্য স্পৃষ্টধ্বনি যেমন [আব৷বা], [ডাব৷]
[ব] /অন্যত্র যেমন : [বন]।
[ব] ঘোষ উভৌষ্ঠ শিস্‌ধ্বনি
[ব৷] ঘোষ অমুক্ত উভৌষ্ঠ বদ্ধ স্পৃষ্টধ্বনি
[ব] ঘোষ উভৌষ্ঠ মুক্ত স্পৃষ্টধ্বনি

১.৩.১.৪.২. /ন/

[ন] /— { /ত/ , /দ/ } যেমন [খনতা], [আনদায]
[ন] /— { /ট/ , /ড/ } যেমন [মনটা] 'নাম', [আণডা] ডিম
[ন] / অন্যত্র, যেমন : [নানা], [কান]।
[ন] ঘোষ দন্ত্যনাসিক্য ধ্বনি
[ণ] ঘোষ দন্তমূলীয় মূর্ধন্য নাসিক্যধ্বনি
[ন] ঘোষ দন্তমূলীয় নাসিক্য ধ্বনি।

**১.৩.১.৪.৩.** /ল/ এর সহধ্বনিসমূহের পরিবেশ /ন/ এর সহধ্বনিসমূহের মতো।

উদাহরণ :

[আলতা] [যুলদান], 'কোরআন রাখার থলে'
[উলটা] 'উল্টাও',
[লাল]

[ল]  ঘোষ দন্ত্য পার্শ্বিক
[লি]  ঘোষ দন্তমূলীয় মূর্ধন্য পার্শ্বিক
[ল]  ঘোষ দন্তমূলীয় পার্শ্বিক।

১.৩.১.৫. শুধু একটি ধ্বনিই নীচের ধ্বনিমূলসমূহের প্রতিনিধিত্ব করে অর্থাৎ ধ্বনিমূল-গুলোর প্রত্যেকের একটি করে সহধ্বনি রয়েছে। ধ্বনিমূলগুলো হচেছ—/থ/, /ঠ/, /খ/, /ম/, /ঙ/, /শ/ এবং /হ/।

১.৩.১.৫.১. /থ/
[থ] অঘোষ মহাপ্রাণ দন্ত্য মুক্তস্পৃষ্ট, যেমন: [থো] 'রাখ'।

১.৩.১.৫.২. [ঠ]
[ঠ] অঘোষ মহাপ্রাণ দন্তমূলীয়—মূর্ধন্য মুক্তস্পৃষ্ট, যেমন: [ঠ্যাঙ]।

১.৩.১.৫.৩. /খ/
[খ] অঘোষ মহাপ্রাণ জিহ্বামূলীয় মুক্তস্পৃষ্ট যেমন [খাল]।

১.৩.১.৫.৪. /ম/
[ম] ঘোষ উভৌষ্ঠ নাসিক্য, যেমন: [মাল] [আম] ইত্যাদি।

১.৩.১.৫.৫. /ঙ/
[ঙ] ঘোষ জিহ্বামূলীয় নাসিক্য, যেমন: [রঙ,] [হাঙগা] 'দ্বিতীয় বিয়ে'।

১.৩.১.৫.৬. /শ/
[শ] অঘোষ পশ্চাৎ-দন্তমূলীয় শিস্, যেমন [তাশ], [শোন্দর] 'সুন্দর'।

১.৩.১.৫.৭. /হ/
[হ] ঘোষ আন্তঃস্বরযন্ত্রীয় শিস্, যেমন: [হান] 'পান'।

১.৩.২. স্বরধ্বনিমূল:

১. সব স্বরধ্বনিই ঘোষ
২. সম্মুখ স্বরধ্বনিসমূহ সর্বদাই অগোলাকৃতি
৩. সব পশ্চাৎ-স্বরধ্বনি পুরোপুরি গোলাকৃতির নয় (উচ্চ পশ্চাৎ-স্বরধ্বনি গোলাকৃতির। উচ্চ-মধ্য পশ্চাৎ স্বরধ্বনি গোলাকৃতির বটে তবে ঠোঁট সূঁচালো হয়না। নিম্ন-মধ্য স্বরধ্বনি মাঝামাঝি গোলাকার)।
৪. মধ্য স্বরধ্বনিসমূহ অগোলাকৃতি
৫. একাক্ষরিক শব্দে স্বরধ্বনিসমূহ তুলনামূলকভাবে একাধিক অক্ষর বিশিষ্ট শব্দের স্বরধ্বনির চাইতে দীর্ঘতর।
৬. নীচের উদাহরণসমূহ ছাড়া অন্যত্র /এ্যা/ এবং /অ/ পরবর্তী উচ্চধ্বনির প্রভাবে /এ/ এবং /অ/ এর সাথে একীভূত হয়ে যায়। যেমন: [ল্যাই] 'গাম' [ব্যাই] 'ব্যয়', [র্ল্যাথি] 'আদব কায়দাসম্পন্ন', [খ্যালি] 'খেয়ালী'।

স্বরধ্বনিমূলসমূহের সহধ্বনি তালিকা নিম্নে দেয়া হলো:

১.৩.২.১. /ই/
[ই]/ স্বরধ্বনিক্রমের দ্বিতীয়টি, যেমন [খাইল্লা] 'খালি'
[ই]/ অন্যত্র, যেমন [ইসলাম], [নানি] ইত্যাদি।
[ই]/ উচ্চ সম্মুখ অনাক্ষরিক অগোলাকৃতি,
[ই] উচ্চ সম্মুখ অগোলাকৃতি

১.৩.২.২. /এ/

[এ] ই ধ্বনিমূলটির প্রতিনিধিত্ব করে অর্থাৎ /এ/'র সহধ্বনি শুধু [এ], যেমন [এই], [কে]।

১.৩.২.৩. /এ্যা/

[এ্যা], নিম্ন-মধ্য সম্মুখ অগোলাকৃতি, যেমন : [এ্যার] 'রাখ' [ম্যাগ] 'মেঘ'।

১.৩.২.৪. /আ/

[আ] নিম্ন কেন্দ্রীয় অগোলাকৃতি যেমন : [আল], [মাল], [কালা] ইত্যাদি।

১.৩.২.৫. /অ/ এর দুটি সহধ্বনি

[অ]/ স্বরধ্বনিক্রমের দ্বিতীয়টি যেমন [দেঅ্ ৱ] 'দেবর'

[অ]/ অন্যত্র, যেমন : [অল] 'এক্ষণ', [য] [zɔ] 'যাও'।

[অ] নিম্ন-মধ্য পশ্চাৎ অনাক্ষরিক গোলাকৃতি

[অ] নিম্ন-মধ্য পশ্চাৎ গোলাকৃতি

১.৩.২.৬. /অ়/

[অ়] মধ্যপশ্চাৎ—গোলাকৃতি, যেমন ; [অ়লি] 'নাম', [ব়] [bɔ̇] 'বৌ'

১.৩.২.৭. /ও/ এর সহধ্বনি দু'টি

[ও]/ স্বরধ্বনিক্রমের দ্বিতীয়টি, যেমন : [আঁওনা] নাম-বিশেষ

[ও]/ অন্যত্র, যেমন [ওর] 'সীমা', [কোরান] ইত্যাদি।

[ও] উচ্চ-মধ্য অনাক্ষরিক পশ্চাৎ গোলাকৃতি

[ও] উচ্চ-মধ্য পশ্চাৎ গোলাকৃতি

১.৩.২.৮. /উ/

[উ]/ স্ব—/ব্য ব্য/ যেমন : [লাউটটা] 'রোগা'

[উ] স্বরধ্বনিক্রমের দ্বিতীয়টি যেমন [কাউ] 'ফল বিশেষ'

[উ] অন্যত্র যেমন [উন] 'উকুন' [আলু] ইত্যাদি।

[উ়] নিম্ন-উচ্চ কেন্দ্রীয় অগোলাকৃতি

[উ] উচ্চ অনাক্ষরিক পশ্চাৎ গোলাকৃতি

[উ] উচ্চ পশ্চাৎ—গোলাকৃতি

## ১.৪. অনুনাসিকতা :

/এ/ এবং /অ়/ ছাড়া সব স্বরধ্বনি অনুনাসিক।

১.৪.১. /ঁ/ এর সহধ্বনি একটিই /ঁ/

| | | | |
|---|---|---|---|
| [হিঁর] | নারকেলগাছ, | [গাঁ] | 'ভান' |
| [ব্যাঁ] | 'বাঁকা' | [ওঁর] | 'জগ' |
| [কাঁড়া] | 'কাটা' | [কুঁড়ি] | 'লাঙ্গলের অংশবিশেষ'। |

**১.৫. স্বন** :

১. একা শব্দ হলে পুরোপুরি স্বনের অস্তিত্ব থাকে।

২. প্রশ্নবোধক বাক্য ছাড়া অন্য বাক্যে স্বনের প্রবলতা হ্রাস পায়।

৩. প্রশ্নবোধক বাক্যে কোন শব্দের আরোহী স্বন, স্বরভঙ্গীর সাথে একীভূত হয়ে যায়।

৪. একাধিক শব্দ বিশিষ্ট প্রশ্নবোধক বাক্যে শেষ শব্দটি ছাড়া বাকী শব্দাবলীর স্বন বজায় থাকে।

১.৫.১. /↘/ এর দুটি সহধ্বনি

[∧]/ বহু অক্ষর বিশিষ্ট শব্দের শেষ অক্ষরে এটি পাওয়া যায়, যেমন: [ট্যাবা̂] 'ফলবিশেষ', [কুঁইঅ̂র] 'আখ'

[ ` ]/ অন্যত্র [হঁর] 'কাদা'

[∧]/ সঙ্গীতময় স্বন। শুরুতে প্রবল থাকে কিন্তু হঠাৎ ক'রে প্রবলতা কমে যায়।

[↘] প্রস্বরময় স্বন। শুরুতে প্রবল থাকে কিন্তু হঠাৎ প্রবলতা কমে যায়।

১.৫.২. /↗/

[↗] সঙ্গীতময়, কোন অক্ষরের শুরুতে দুর্বল কিন্তু অক্ষরের শেষে প্রবল। যেমন [হ́র] [দ্য́র] [hɔ́r] 'আলো'।

১.৬. **ধ্বনিমূলের পরিবেশ বণ্টন** ( Distribution of phonemes ) :

বিভিন্ন ধ্বনিমূলের বণ্টনের পরিবেশ বর্ণনা করা হলো :

১. /প/ এবং /ঙ/ ছাড়া সব ব্যঞ্জনধ্বনি শব্দের আদিতে বসে।

২. /থ/ এবং /ঠ/ ছাড়া সব ব্যঞ্জন মধ্য অবস্থানে বসে।

৩. /ট/ দুই স্বরের মাঝে /ড/ এর সাথে একীভূত হয়ে যায়।

৪. /থ/, /ঠ/, /খ/ এবং /হ/ ছাড়া সব ব্যঞ্জন শব্দান্তে বসে। অন্ত-অবস্থানে /ড/ দুর্লভ বলা চলে।

৫. সব স্বরধ্বনি শব্দের আদি, মধ্য ও অন্ত অবস্থানে বসতে পারে।

৬. /এ/ 'র পৌনপুনিকতা কম।

৭. মধ্য অবস্থানেই শুধু ব্যঞ্জনধ্বনিক্রম পাওয়া যায়।

৮. একটি ঘোষ এবং একটি অঘোষ মিলে সংযুক্ত ধ্বনি হয় না।

৯. কুড়িটি ব্যঞ্জনের মধ্যে ১৬টি ব্যঞ্জন সংযুক্ততা লাভ করে।

১০. /থ/, /ঠ/, /খ/, এবং /হ/ সংযুক্ততা লাভ করেনা।

১১. শব্দের আদিতে সংযুক্তধ্বনির দু'একটি উদাহরণ মেলে, যেমন /ক্লোর/ কিন্তু শব্দের অন্তে কোন সংযুক্ত ব্যঞ্জনধ্বনি পাওয়া যায় না।

১২. দুটি অক্ষর বিশিষ্ট শব্দেই শুধু মধ্য-অবস্থানে সংযুক্ত-ধ্বনি হয়।

**১.৭. অক্ষর :**

আবশ্যিক চূড়া ( peak ) এবং ঐচ্ছিক আরম্ভ ( onset ) ও পরিশিষ্ট ( coda ) নিয়ে একটি অক্ষর গঠিত হয়। স্বরধ্বনিই সব সময় অক্ষরের চূড়া। চূড়া সরল অথবা জটিল হতে পারে। সরল চূড়া একটি সরল স্বরধ্বনি মাত্র। জটিল চূড়ার সাথে অতিরিক্ত ধ্বনিমূল থাকে। আরম্ভ অথবা পরিশিষ্টের উপস্থিতি অনুপস্থিতির পর নির্ভর ক'রে চার ধরনের অক্ষর দেখা যায় :

১. চূড়া-রীতিক
২. চূড়া-পরিশিষ্ট রীতিক
৩. আরম্ভ-চূড়া রীতিক
৪. আরম্ভ-চূড়া-পরিশিষ্ট রীতিক

সরল চূড়া এবং জটিল চূড়ার কারণে প্রত্যেকটিকে আবার চারভাগে বিভক্ত করা যায়।

**১.৭.১. চূড়ারীতিক :**

একটি স্বরধ্বনি অথবা অতিরিক্ত ধ্বনিমূল সহযোগে একক স্বরধ্বনি চূড়া গঠন করতে পারে। উপশ্রেণীসমূহ দেয়া হলো :

১. স্ব

/আ——লু/
/আ—না—রস/
/উ-লি/ 'পোকা'

২. স্বঁ

/আঁ—কি/
/ওঁ—রা/'বাঁশের পাত্র'

৩. স্ব

/অ`া——লি/ 'চাষে ভাল' (গরু)
/ই`শাব/ হিসেব

৪. স্ব

/অ্র—ডি/'মেয়েকে সম্বোধনসূচক শব্দ'

**১.৭.২. চূড়া-পরিশিষ্ট রীতিক**

সরল অথবা জটিল স্বরধ্বনি অক্ষরের চূড়া গঠন করে এবং একটি পরিশিষ্ট তাকে অনুসরণ করে।

১. স্ব ব্য

/আল/
/ইন——যিল/ 'ইঞ্জিন'

২. স্বঁ ব্য

/ওঁস/ 'উচুঁ'

৩. স্ব ব্য

/ও`ক—কা/ 'হুকা' ?

৪. স্ব ব্য

/অ্রন/ এখন।

### ১.৭.৩. আরম্ভ-চূড়া রীতিক

একটি চূড়াস্বরের আগে আরম্ভ ধ্বনি ব'সে এই ধরনের অক্ষর গঠিত হয়।

১. ব্য স্ব
/গি—লাপ [ gilap ]/

২ ব্য স্বঁ
/হোঁ-ৰা/

৩. ব্য স্ব̀
/ই—লি/ 'সূচলো'

৪. ব্য স্ব́
/ল্যা—যি/'আদব-কায়দা সম্পন্ন'

### ১.৭.৪. আরম্ভ–চূড়া–পরিশিষ্ট রীতিক :

আগে আরম্ভ মাঝে চূড়াস্বর এবং পরে পরিশিষ্ট নিয়ে এ'ধরনের অক্ষর গঠিত হয়।

১. ব্য স্ব ব্য
/গোল—লা / 'শূন্য'

২. ব্য স্বঁ ব্য
/হিঁর / 'নারকেলগুচ্ছ'

৩. ব্য স্ব̀ ব্য
/ইর / কাদা

৪. ব্য স্ব́ ব্য
/ন́য [nɔ́z] / 'নামায'

## রূপ-ধ্বনিতত্ত্ব (Morphophonology)

রূপতাত্ত্বিক প্রক্রিয়ায় রূপমূলসমূহের অন্তর্গত ধ্বনিমূল সমূহের মধ্যে যে বিভিন্ন পরিবর্তন দেখা যায়, সেগুলো এ' অধ্যায়ে আলোচিত হয়েছে। সন্দ্বীপীর রূপ-ধ্বনিতত্ত্বে সন্ধিই প্রধান ভূমিকা পালন করে, সন্ধি দু'ধরণের : (১) আভ্যন্তরীণ সন্ধি, (২) বহির্বর্তী সন্ধি।

### ২.১. আভ্যন্তরীণ সন্ধি :

শব্দাভ্যন্তরস্থ সন্ধি-প্রক্রিয়াকে আভ্যন্তরীণ সন্ধি-প্রক্রিয়া বলা হয়। কখনো ক্রিয়ার ক্ষেত্রে, কখনো বিশেষ্যের ক্ষেত্রে কখনো বা উভয়ক্ষেত্রে এই সন্ধি প্রযোজ্য হয়। বিভিন্ন সন্ধি-সূত্রের পরিচয় নিম্নে লিপিবদ্ধ হল :

### ২.১.১.

(ক) /ই/-এর প্রবেশ—ক্রিয়ামূল অথবা বিশেষ্যমূলের সাথে কাল-বিভক্তি যুক্ত হলে একাক্ষরিক শব্দে মূলের স্বরধ্বনির পর এবং একাধিক অক্ষর বিশিষ্ট শব্দে অন্তস্বর-ধ্বনির পর /ই/ 'র প্রবেশ ঘটে। /র/-অন্ত মূলের সাথে /-সে/ বিভক্তি যুক্ত হলে এ নিয়ম প্রযোজ্য হয়না।

| | | |
|---|---|---|
| /মাপ/ | /মাইপ—সে/ | 'মেপেছে' |
| | /মাইপ—ত/ | 'মাপত' |
| /কসাল/ | /কসাইল—সে/ | 'কচলিয়েছে' |
| /কর/ | /কইর—ব/ | 'সে করবে' |

ব্যতিক্রম :

/কর/ /কস—সে/ 'করেছে'
/কাট/ /কাট—সে/ 'কেটেছে'

সূত্র : ব্য/# → ই ব্য/—কাবি (কাল বিভক্তি)
কিন্তু [ট র] অপরিবর্তিত [ট র]—/সে/

(খ) স্বরান্ত মূলে কালবিভক্তির আগে /ই/'র প্রবেশ ঘটে।
/খা/ /খা-ই-সে/ 'সে খেয়েছে'
/খা-ই-ত/ 'সে খেত'

(গ) স্বরান্ত মূলের সাথে আদ্য স্বর বিশিষ্ট কোন বিভক্তি যুক্ত হবার আগে /ব/'র প্রবেশ ঘটে।
/খা˜/ /খা-ব-আ/খাইয়ে দে
(খাবা)

২.১.২ ঘোষতা :

(ক) বিভক্তির আদিতে ঘোষধ্বনি থাকলে মূলের অঘোষধ্বনি ঘোষধ্বনিতে পরিণত হয়।

/কাট/ /কাইড—ব/ 'সে কাটবে'
/মাপ/ /মাইব-ব/ 'সে মাপবে'

সূত্র : অঘোষ ব্য # → ঘোষ ব্য / ঘোষ ব্য

(খ) অন্ত ঘোষ ব্যঞ্জন বিশিষ্ট মূলের পরে যুক্ত /-সে /এবং/-ত/ বিভক্তিদ্বয়ের শুরুর অঘোষ ব্যঞ্জন ঘোষধ্বনিতে পরিণত হয়।

/মাগ/ /মাইগ-যে/ 'সে মেগেছে'
/মাইগ-দ/ 'সে মাগত'

সূত্র : {—সে, —ত} → {—যে, —দ} ঘোষ ব্য--

(গ) আদ্য স্বরবিশিষ্ট বিভক্তি যুক্ত হলে মূলের/-ট/, /ড/ তে পরিণত হয়।
/কাট/ /কাড-এ/ 'সে কাটে'
সূত্র : ট # → ড/—স্ব।

২.১.৩. সমীভবন :

/র/ 'র পরাগত সমীভবন :

যদি কোন বিভক্তির শুরুতে ঔষ্ঠ্য ধ্বনি, জিহ্বামূলীয় অথবা আন্তঃস্বরযন্ত্রীয় ধ্বনি না থাকে তবে মূলের /র/, বিভক্তির প্রথম ব্যঞ্জনের সাথে সমীভূত হয়।

/কর/ /কস—সে/ 'সে করেছে'
/কইত-ত/ 'সে করত'

সূত্র : র → ব্য/ব্য যখন ব্য ঔষ্ঠ্য, জিহ্বামূলীয় বা আন্তঃস্বরযন্ত্রীয় না হয়।

**২.১.৪. মূর্ধন্যীভবন :**

মূল যদি /ট/ এবং /শ/ দিয়ে শেষ হয় তাহলে /–ত/ এবং/–সে বিভক্তি দুটো যথাক্রমে /–ট/ এবং /–শ/-তে পরিণত হবে।

/কাট/　　/কাইট—ট/　　'সে কাটত'
/অাঁশ/ 'হাস'　　/অাঁইশ-শে/　　'সে হেসেছে'

সূত্র : { –ত, –সে } → { –ট, –শে } ব্য দন্তমূলীয় মূর্ধন্য

**২.১.৫. স্বরধ্বনি বর্জন :**

নিম্ন পরিবেশে স্বরধ্বনি বর্জিত হয়—

(ক) উপসর্গ /ব্যা—/ যুক্ত হ'লে মূলের আদ্য /আ/ বর্জিত হয়
/আক্কল/ 'আক্কেল'　　/ব্যা–ক্কল/ 'বে–আক্কেল'
/আদ্দপ/ 'আদপ'　　/ব্যা–দ্দপ/ 'বে–আদপ'

সূত্র : আ →$\phi$ /ব্যা—

(খ) পুরুষ বাচক বিশেষ্যের অন্ত /আ/, সাধিতবিভক্তি (মহিলাসূচক) /ই/ যুক্ত হলে বর্জিত হয়।

/সাসা/ 'চাচা'　　/সাস–ই/ 'চাচী'
　　সাসি
/কাকা/　　/কাক–ই/
　　কাকি
/দাদা/　　/দাদ–ই/ 'দাদী'
　　দাদি

সূত্র : স্ব →$\phi$ /–ই (সাধিত বিভক্তি—মহিলাসূচক)

(গ) মূলের সাথে ক্রিয়া এবং বিশেষ্য সাধিত বিভক্তি /–আ/ এবং /–ই/ যুক্ত হলে দুই স্বরধ্বনি বিশিষ্ট মূল, অন্ত স্বরধ্বনি বর্জন ক'রে একক্ষরিক না হয়ে দ্ব্যক্ষরিক হয়।

/বদল/　　/বদলা/
bɔdɔl　　/bɔdl-a/
/গরম/　　/গরমি/

সূত্র : ব্য স্ব ব্য স্ব ব্য → ব্য স্ব ব্য ব্য / { –আ, –ই }

২.১.৬. যুগ্মীভবন (Gemination) :

বিশেষণ-সাধিত বিভক্তি /-ইআ/ এবং /-উআ/ যখন যুক্তহয় তখন মূলের অন্তব্যঞ্জনের দ্বিত্ব হয় এবং বিভক্তির স্বরধ্বনি যুগমীভূত ব্যঞ্জনের আগে বসে।

/উদাম+-ইআ/ 'উদাইম্মা' উলঙ্গ মানুষ'
'উলঙ্গ'
/কাম+-উআ/ 'কাউম্মা' কর্মঠ

সূত্র : —ব্য+- {ইআ / উআ} → {ই / উ} ব্য ব্য আ

২.১.৭. স্বনের অবস্থান পরিবর্তন :

ব্য স্ব ব্য গঠনের সাথে আদ্য স্বরবিশিষ্ট বিভক্তি যুক্ত হ'লে ব্য স্ব ব্য— স্ব ব্য তে পরিণত হয়।

/কর+এ্যান/ →/ কর-এ্যান/ 'করেন'

সূত্র : ব্য স্ব ব্য /—স্বব্য →ব্যস্বব্য স্বব্য

২.১.৮. সংযুক্তধ্বনির পুনরাবির্ভাব :

অন্ত অবস্থানে সংযুক্ত ধ্বনির অস্তিত্ব নেই ব'লে অন্ত সংযুক্ত ধ্বনির ক্ষেত্রে দ্বিতীয় ধ্বনিমূলটি বর্জিত হয়। কিন্তু আদ্য স্বরবিশিষ্ট বিভক্তি যুক্ত হলে, সংযুক্ত ধ্বনির পুনরাবির্ভাব ঘটে।

/রঙ+আ/ /রঙগা/ 'রাঙিয়ে দে'
/কান+আ/ /কান্দ—আ/ 'কাঁদাও'
'কাঁদ' কান্দা

২.২. বহির্বর্তী সন্ধি :

আন্তঃশব্দ সন্ধি-প্রক্রিয়াকে বহির্বর্তী সন্ধি প্রক্রিয়া বলে। বহির্বর্তীসন্ধির নিয়মগুলো প্রায় অন্তবর্তী সন্ধির মতো।

২.২.১. সমীভবন :

একই বাক্যাংশের অন্তর্গত পাশাপাশি শব্দের-ব্য$_1$+ব্য$_2$ সমীভবনের মাধ্যমে—ব্য$_2$+ব্য$_2$ —-তে পরিণত হয়। ঐ সমীভবন কখনো আংশিক, কখনোবা পুরো হয়।

২.২.১.১. আংশিক সমীভবন :

আংশিক সমীভবন নানাধরনের হ'তে পারে।

২.১.৬. যুগ্মীভবন (Gemination) :

বিশেষণ-সাধিত বিভক্তি /-ইআ/ এবং /-উআ/ যখন যুক্তহয় তখন মূলের অন্তব্যঞ্জনের দ্বিত্ব হয় এবং বিভক্তির স্বরধ্বনি যুগমীভূত ব্যঞ্জনের আগে বসে।

/উদাম+-ইআ/ 'উদাইম্মা' উলঙ্গ মানুষ'
'উলঙ্গ'
/কাম+-উআ/ 'কাউম্মা' কর্মঠ

সূত্র : —ব্য+ {ইআ / উআ} → {ই / উ} ব্য ব্য আ

২.১.৭. স্বনের অবস্থান পরিবর্তন :

ব্য স্ব ব্য গঠনের সাথে আদ্য স্বরবিশিষ্ট বিভক্তি যুক্ত হ'লে ব্য স্ব ব্য— স্ব ব্য তে পরিণত হয়।

/কর+এ্যান/ →/ কর-এ্যান/ 'করেন'

সূত্র : ব্য স্ব ব্য /—স্বব্য→ব্যস্বব্য স্বব্য

২.১.৮. সংযুক্তধ্বনির পুনরাবির্ভাব :

অন্ত অবস্থানে সংযুক্ত ধ্বনির অস্তিত্ব নেই ব'লে অন্ত সংযুক্ত ধ্বনির ক্ষেত্রে দ্বিতীয় ধ্বনিমূলটি বর্জিত হয়। কিন্তু আদ্য স্বরবিশিষ্ট বিভক্তি যুক্ত হলে, সংযুক্ত ধ্বনির পুনরাবির্ভাব ঘটে।

/রঙ+আ/ /রঙগা/ 'রাঙিয়ে দে'
/কান+আ/ /কান্দ—আ/ 'কাঁদাও'
'কাঁদ' কান্দা

২.২. বহির্বর্তী সন্ধি :

আন্তঃশব্দ সন্ধি-প্রক্রিয়াকে বহির্বতী সন্ধি প্রক্রিয়া বলে। বহির্বতীসন্ধির নিয়মগুলো প্রায় অন্তবর্তী সন্ধির মতো।

২.২.১. সমীভবন :

একই বাক্যাংশের অন্তর্গত পাশাপাশি শব্দের-ব্য$_1$+ব্য$_2$ সমীভবনের মাধ্যমে—ব্য$_2$+ব্য$_2$ —তে পরিণত হয়। ঐ সমীভবন কখনো আংশিক, কখনোবা পুরো হয়।

২.২.১.১. আংশিক সমীভবন :

আংশিক সমীভবন নানাধরনের হ'তে পারে।

**২.১.৪. মূর্ধন্যীভবন :**

মূল যদি /ট/ এবং /শ/ দিয়ে শেষ হয় তাহলে /–ত/ এবং/–সে বিভক্তি দুটো যথাক্রমে /–ট/ এবং /–শ/-তে পরিণত হবে।

/কাট/ /কাইট—ট/ 'সে কাটত'
/আঁশ/ 'হাস' /আঁইশ-শে/ 'সে হেসেছে'

সূত্র : { –ত, –সে } → { –ট, –শে } ব্য দন্তমূলীয় মূর্ধন্য

**২.১.৫. স্বরধ্বনি বর্জন :**

নিম্ন পরিবেশে স্বরধ্বনি বর্জিত হয়—

(ক) উপসর্গ /ব্যা—/ যুক্ত হ'লে মূলের আদ্য /আ/ বর্জিত হয়
/আক্কল/ 'আক্কেল' /ব্যা-ক্কল/ 'বে-আক্কেল'
/আদ্দপ/ 'আদপ' /ব্যা-দ্দপ/ 'বে-আদপ'

সূত্র : আ $\rightarrow \phi$ /ব্যা—

(খ) পুরুষ বাচক বিশেষ্যের অন্ত /আ/, সাধিতবিভক্তি (মহিলাসূচক) /ই/ যুক্ত হলে বর্জিত হয়।

/সাসা/ 'চাচা' /সাস-ই/ 'চাচী'
সাসি
/কাকা/ /কাক-ই/
কাকি
/দাদা/ /দাদ-ই/ 'দাদী'
দাদি

সূত্র : স্ব $\rightarrow \phi$ /–ই (সাধিত বিভক্তি—মহিলাসূচক)

(গ) মূলের সাথে ক্রিয়া এবং বিশেষ্য সাধিত বিভক্তি /–আ/ এবং /–ই/ যুক্ত হলে দুই স্বরধ্বনি বিশিষ্ট মূল, অন্ত স্বরধ্বনি বর্জন ক'রে একক্ষরিক না হয়ে দ্ব্যক্ষরিক হয়।

/বদল/ /বদলা/
bɔdɔl /bɔdl-a/
/গরম/ /গরমি/

সূত্র : ব্য স্ব ব্য স্ব ব্য → ব্য স্ব ব্য ব্য / { –আ, –ই }

২.২.১.১.১.　**ঘোষতা :**

প্রথম শব্দের অন্ত ঘোষধ্বনি দ্বিতীয় শব্দের আদ্য ঘোষধ্বনির প্রভাবে ঘোষতা লাভ করে।

/হাত+দিন/ ≠ /হাদ্দিন/ 'সাতদিন'
'সাত'

২.২.১.১.২.　**/র/ এর সমীভবন :**

২. ১. ৩. এর মতো সূত্র

/আঁ´র+লগে/　　/আঁ´ল—লগে/ 'আমার সঙ্গে'
আমার সঙ্গে

২.২.১.২.　**পূর্ণ সমীভবন :**

পূর্ণ সমীভবনে দু'টি পাশাপাশি ব্যঞ্জনছাড়া, দূরের ব্যঞ্জন সমীভূত হয়। মূর্ধন্যীভবনের ক্ষেত্রে এ'টি সীমাবদ্ধ।

/দাঁত+ডল/ /ডাঁডডল/ 'দাঁত মেজেনে'
/দ্যার + টিঁআ/ /ড্যাডডিঁয়া/ 'দেড় টাকা'

২.২.২.　**স→শ**

দ্বিতীয় শব্দের শুরুতে শিস্ অথবা দন্তমূলীয় মূর্ধন্যধ্বনি থাকলে প্রথম শব্দে অন্ত /স/, /শ/তে পরিণত হয়।

/হাঁস/　　/হাঁশ-শ´/　　'পাঁচ শ'
'পাঁচ'　　/হাশঁ-টিআ/　　'পাঁচ টাকা'

২.২.৩.　**শব্দযতি বর্জন :**

দ্বিতীয় শব্দের শুরুতে স্বরধ্বনি থাকলে শব্দযতি বর্জিত হয়।

/সাইর+আত/　　/সাইরাত/ চারহাত।
'চার'　'হাত'